"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫
www.dgfp.gov.bd

নং-৫৯.১১.০০০০.১৫২.২৩.০০৪.২২- ২৩৮৯

তারিখ : ২২ আষাঢ় ১৪৩৩ / ০৬ জুলাই ২০২৬

## অফিস আদেশ

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিচালকসহ সকল কর্মকর্তা মহাপরিচালকের পূর্বানুমতি ব্যতিরেকে অধিদপ্তরের বাহিরে বিভিন্ন সভা, সেমিনার, প্রশিক্ষণ ও পরিদর্শনে অংশগ্রহণ করছেন অথবা যথাসিময়ে উপস্থিত থাকছেন না। প্রতিষ্ঠান প্রধান/যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত অংশগ্রহণ করায় সরকারি কার্যক্রম ব্যহত হচ্ছে। যা সরকারি কর্মচারী আচরণ বিধিমালা এবং দাপ্তরিক শৃঙ্খলা পরিপন্থী। এ ধরনের কার্যক্রমে অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

অধিদপ্তরের বাহিরে অনুষ্ঠিতব্য যে কোনো সভা বা সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি কর্মসূচিতে অংশগ্রহণের জন্য নিজ দপ্তরের প্রশাসনিক বা উপর্যুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে অংশগ্রহণ করবেন। একই সাথে কোন কর্মকর্তা-কর্মচারী কোন প্রশিক্ষণ বা কোন সরকারী কাজে কর্মস্থলের বাহিরে গেলে প্রশিক্ষণ/পরিদর্শন শেষে স্বল্পতম সময়ের মধ্যে প্রতিবেদন/ফিডব্যাক দাখিল/প্রদান করবেন।

২। এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিত এসব কার্যক্রমে অংশগ্রহণ করলে তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুযায়ী অসদাচরণ হিসেবে গণ্য হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

০৬.০৭.২৬

(মোসাঃ মাহফুজা খানম)
পরিচালক (প্রশাসন)
ফোন: +৮৮০২৫৫০১২৩৪২
ইমেইল: diradmin@dgfp.gov.bd

বিতরণ (কার্যার্থে):

১. পরিচালক (সকল), -----------------------------------পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (সকল), বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ---------------------------- বিভাগ।
৩. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর/লালকুঠি, মিরপুর/এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা।
৪. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)---------------------------জেলা।
৫. অধ্যক্ষ, এফডব্লিউটিআই, আজিমপুর, ঢাকা।
৬. সহকারী প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

নং-৫৯.১১.০০০০.১৫২.২৩.০০৪.২২- ২৩৮৯/১(৭২০)

তারিখ : ২২ আষাঢ় ১৪৩৩ / ০৬ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৫. অফিস কপি।

০৬/০৭/২৬

(এরশাদ আহমেদ নোমানী)
উপপরিচালক (পার্সোনেল)